

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ১৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ কার্তিক ১৪২৮ বং/০৭ নভেম্বর ২০১৭ খ্রি:

নং ০৩.০৬৮.০১৮.০৯.০০.৪৬.২০১৫-৬৪৯—কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার
সার্বিক উন্নয়ন সমন্বয়ের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

- | | |
|------------------------------------------------|--------------|
| (১) নির্বাহী চেয়ারম্যান, বেজা | - আহবায়ক |
| (২) ভূমি মন্ত্রণালয়ের প্রতিনিধি | - সদস্য |
| (৩) পরিবেশ ও বন মন্ত্রণালয়ের প্রতিনিধি | - সদস্য |
| (৪) নৌ-পরিবহন মন্ত্রণালয়ের প্রতিনিধি | - সদস্য |
| (৫) রেলপথ মন্ত্রণালয়ের প্রতিনিধি | - সদস্য |
| (৬) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি | - সদস্য |
| (৭) স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি | - সদস্য |
| (৮) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রতিনিধি | - সদস্য |
| (৯) জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের প্রতিনিধি | - সদস্য |
| (১০) বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি | - সদস্য |
| (১১) মহাপরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয় | - সদস্য |
| (১২) মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), বেজা | - সদস্য-সচিব |

(১৬৮২৯)

মূল্য : টাকা ৪.০০

২। কমিটির কার্যপরিধি :

- (ক) দিয়ারা জরিপ কাজের সমন্বয় সাধন ও জমির পরিমাণ নির্ণয় পরিবীক্ষণ;
- (খ) মহেশখালী বিষয়ক বিভিন্ন প্রকল্প প্রস্তাব সমন্বয়করণ;
- (গ) প্রকল্পের ধারণাগত মাস্টার প্লান অনুযায়ী ভূমি অধিগ্রহণ/বন্দোবস্ত প্রস্তাবসমূহের মধ্যে সমন্বয়করণ;
- (ঘ) জেলা প্রশাসন, কর্মবাজার এর সাথে ভূমি বিষয়ক সমন্বয় সভার আয়োজন;
- (ঙ) মহেশখালীর বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কার্যক্রম পরিবীক্ষণ ও মনিটরিং;
- (চ) মহেশখালী উপজেলায় নাগরিক ও সামাজিক সুবিধা সৃষ্টির জন্য স্থানীয় প্রশাসন ও স্থানীয় সরকার বিভাগের প্রকল্প বাস্তবায়নের সমন্বয় সাধন;
- (ছ) বেসরকারি বিনিয়োগ আকৃষ্টকরণের লক্ষ্যে যোগাযোগ ব্যবস্থা স্থাপন সংশ্লিষ্ট প্রকল্পসমূহ অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের বিষয় তদারকিকরণ;
- (জ) প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার লক্ষ্যে সহায়ক বাঁধ নির্মাণ, পানি নিষ্কাশন প্রকল্প বাস্তবায়ন ইত্যাদি কার্যক্রম তদারকিকরণ; এবং
- (ঝ) মহেশখালী উপজেলার সমন্বিত মাস্টার প্লান ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন এবং এর সময়সূচি বাস্তবায়ন পরিবীক্ষণ।

৩। কমিটি অন্তত ৩ (তিনি) মাসে একবার বৈঠকে মিলিত হবে।

৪। মহেশখালীর উন্নয়নে উদ্যোগী মন্ত্রণালয়সমূহ তাঁদের কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি এ কমিটিকে অবহিত করবে।

৫। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাফিউল হাসান
পরিচালক-১।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রাগালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd